

তথ্য অধিকার সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩
উপপরিচালকের দপ্তর
মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা

১। কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোর বিবরণ:

ক। এক নজরে অফিস

প্রতিষ্ঠানের নাম	মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা
অফিস প্রধানের পদবি	উপপরিচালক
অফিসের সংখ্যা	২ ১। উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা; ২। জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ঢাকা
অফিসের ঠিকানা	প্লট নং-৩, রোড-১০, সেক্টর-১১, উত্তরা, ঢাকা।
যোগাযোগ	ই-মেইল- dddhaka@fisheries.gov.bd ফোন- ০২-২২৪৪৭০৭৯৪ ০২-২২৪৪৭০৭৯৩
যাতায়তের বর্ণনা (গুগল ম্যাপসহ)	https://www.google.com/maps/place/DD+Office,+Dhaka,+Department+of+Fisher+ies/@23.8814845,90.3777359,17.46z/data=!4m5!3m4!1s0x0:0xb543aa6e2a63bcd4!8m2!3d23.8791434!4d90.3899418

খ। অফিসের ভিশন ও মিশন

ভিশন: মৎস্যজাত উৎস হতে প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, দারিদ্র বিমোচন ও রপ্তানি আয় বৃদ্ধি।

মিশন: সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্য চিংড়িসহ অন্যান্য জলজসম্পদের স্থায়িশীল উৎপাদন বৃদ্ধি করে দেশের পুষ্টি চাহিদা পূরণ ও রপ্তানি আয় বৃদ্ধি এবং দরিদ্র মৎস্যজীবী ও মৎস্যচাষি তথা বাংলাদেশের আর্থ সামাজিক ক্ষেত্রে কাঙ্ক্ষিত উন্নয়ন সাধন।

গ। অফিসের পরিচিতি

অবিভক্ত বাংলায় সর্বপ্রথম ১৯০৮ সালে মৎস্য অধিদপ্তর প্রতিষ্ঠিত হয়। ১৯১০ সালে এটি কৃষি অধিদপ্তরের সাথে একীভূত হয়। ১৯১৭ সালে ড. টি সাউথ ওয়েল এর মতামতের ভিত্তিতে মৎস্য অধিদপ্তর পুনরায় স্বাধীনভাবে কাজ শুরু করে এবং ১৯২৩ সালে এটি আবার অবলুপ্ত করা হয়। ১৯৪২ সারে ড. রামস্বামী নাইডুর মতামতের ভিত্তিতে মৎস্য অধিদপ্তরের পুনঃ আবির্ভাব ঘটে। তৎকালীন পূর্ব পাকিস্তানে (বর্তমানে বাংলাদেশ) মৎস্য সম্পদের উৎপাদন বৃদ্ধি, দারিদ্র বিমোচন এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কাজ করতে থাকে। ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীনতা লাভের পর ১৯৭৫ এর এপ্রিল মাসে পাকিস্তানের কেন্দ্রীয় মৎস্য অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর বাংলাদেশের সাথে একীভূত হয়। ১৯৮৪ সালে তৎকালীন কেন্দ্রীয় সামুদ্রিক মৎস্য বিভাগ মৎস্য অধিদপ্তরের সাথে সামুদ্রিক মৎস্য বিভাগ হিসেবে একীভূত হয়। বর্তমানে মৎস্য অধিদপ্তর মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন থেকে মৎস্য সম্পদ উন্নয়নের যাবতীয় কর্মকান্ড পরিচালনা করছে। উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা এ অবস্থিত ছিল। ২০১৯ সালে উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা উত্তরায় পৃথক ভবনে

স্থানান্তরিত হয়। উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা এর প্রধান হলেন উপপরিচালক এবং তাকে সকল ক্ষেত্রে ১ জন সিনিয়র সহকারী পরিচালক এবং ২ জন সহকারী পরিচালক, ১ জন মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা এবং ১ জন সহকারী প্রকৌশলী সহযোগিতা প্রদান করে থাকেন। জেলা এবং উপজেলা পর্যায়ে যথাক্রমে জেলা মৎস্য কর্মকর্তা এবং উপজেলা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা প্রশাসনিক কাঠামোতে নিয়োজিত আছেন। এছাড়া ১৭ টি মৎস্য বীজ উৎপাদন খামার/মিনি হ্যাচারী এবং ১টি মৎস্য প্রশিক্ষণ ও সম্প্রসারণ কেন্দ্র রয়েছে।



মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা এর অর্গানোগ্রাম

